



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।



স্মারক নং-৩৭.০২.১৯৩৩.০০০.২৩.০০২.২০.২৮০/১

তারিখ: ০৮/০৭/২০২১ খ্রি:।


সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদের মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত কমিটির এক সভা আগামী ১২/০৭/২০২১ ইং তারিখ বেলা ৩.০০টায় ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিসকক্ষে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন জনাব আব্দুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান ও সভাপতি, মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত কমিটি।

সভায় নির্দিষ্ট তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য সকল সদস্যদের অনুরোধ জানানো হলো।

আলোচ্য বিষয়ঃ

- ক) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ।
- খ) ২০২১ সালের এস এস সি ও এইচ এস সি পরিক্ষার্থীদের এসসাইনমেন্ট সংক্রান্ত নির্দেশনা প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানদের সমন্বয়ে সভা করণ সংক্রান্ত।
- গ) আসন্ন জাতীয় শোক দিবসের জন্য কার্যক্রম গ্রহন সংক্রান্ত।
- ঘ) অনলাইন ক্লাস আব্যাহত রাখা সংক্রান্ত।
- ঙ) বিবিধ।


০৮/০৭/২১
মোঃ শাহ জালাল

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত কমিটির
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

প্রাপক,

কুমিল্লা সদর দক্ষিণ।

বিষয়ঃ কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদের মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী।








সভার স্থান:- ভাইস চেয়ারম্যান মহোদয়ের কার্যালয়

সভাপতি:- জনাব আব্দুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান

তারিখ:- ১২/০৭/২০২১ ইং রোজ সোমবার

সময়: বেলা ৩.০০ টা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষরঃ

ক্রমিকনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব আব্দুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান	সভাপতি	
২	উপজেলা প্রকৌশলী	সদস্য	
৩	উপজেলা শিক্ষা অফিসার	সদস্য	
৪	চেয়ারম্যান, চৌয়ারা ইউনিয়ন পরিষদ	সদস্য	
৫	চেয়ারম্যান, বিজয়পুর ইউনিয়ন পরিষদ	সদস্য	
৬	চেয়ারম্যান, বারপাড়া ইউনিয়ন পরিষদ	সদস্য	
৭	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	সদস্য সচিব	

সভায় আলোচনা সমূহঃ

সভার প্ররম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। শুরুতেই উপজেলার করোনা পরিস্থিতি নিয়ে আলোচনা করা হয়।

সভায় নিম্নোক্ত বিষয় সমূহের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।


খ। সভায় সভাপতি মহোদয় কোভিড-১৯ পরবর্তী পরিবর্তিত পরিস্থিতিতে শিক্ষা কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে সরকারী নির্দেশনা বাস্তবায়ন করার লক্ষ্যে কি কি করণীয় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। সভায় মাধ্যমিক শিক্ষা অফিসার জানান আগামী ২০২১ সালের এস এস সি ও এইস এস সি পরীক্ষার্থীদের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী এসাইনমেন্ট প্রদান, গ্রহন ও মূল্যায়ন পদ্ধতি সহ সকল নির্দেশনা ইতোমধ্যেই প্রেরণ করা হয়েছে। এসাইনমেন্ট সংক্রান্ত সকল বিষয় নিয়ে দ্রুত সময়ের মধ্যেই সকল প্রতিষ্ঠান প্রধানদের নিয়ে সভা করা প্রয়োজন। সভায় সভাপতি মহোদয় সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের নিয়ে সভার আয়োজনের ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করেন।

গ) সভাপতি মহোদয় আসন্ন ১৫ আগস্ট, জাতীয় শোক দিবস কে ঘিরে বিভিন্ন কর্মসূচী গ্রহণের লক্ষ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রস্তুত থাকা প্রয়োজন মর্মে আলোচনা করেন। জাতীয় কর্মসূচীর সাথে সংগতি রেখে উর্ধতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত

মোতাবেক সকল শিক্ষা প্রতিষ্ঠান যেন শোক দিবসের সকল কার্যক্রম বাস্তবায়নের যজন্য যথযথ প্রস্তুতি গ্রহন করে সে বিষয়টি নিশ্চিত করার জন্য মাধ্যমিক শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।

ঘ) মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় উপস্থাপন করেন যে, কোভিড পরিস্থিতিতে উপজেলার একটি প্র্যাটফর্ম তৈরীর মাধ্যমে দক্ষ শিক্ষকদের অংশগ্রহনে অনলাইন ক্লাস গ্রহনের জন্য “কুমিল্লা সদর দক্ষিণ ভারুয়াল একাডেমি” নামে একটি ফেইসবুক পেইজ চালু করা হয়েছে। নিয়মিত ক্লাস চলছে কিন্তু শিক্ষার্থীর অংশ গ্রহন কম অরিলক্ষিত হচ্ছে। সভাপতি মহোদয় শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি একই সাথে শিক্ষা প্রতিষ্ঠানের অনলাইন ক্লাস জোড়দার করা ও ড্যাশবোর্ডে এন্ট্রি প্রদান নিশ্চিত করার লক্ষ্যে শিক্ষকদের সাথে সভা করার জন্য মাধ্যমিক শিক্ষা অফিসার কে অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করা হয়।



আব্দুল হাই বাবলু
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

ও

সভাপতি


মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত কমিটির
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

স্মারক নং স্মারক নং-৩৭.০২.১৯৩৩.০০০.২৩.০০২.২০.২৮২/১

তারিখ: ২২/০৭/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, কুমিল্লা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।
- ৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার..... কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা।
- ৬। অফিস কপি।



মোঃ শাহ জালাল

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত কমিটির
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।